

জাবিতে কমনওয়েলথ প্রতিনিধি দলকে আটকে রেখে আন্দোলন

জাবি প্রতিনিধি

২৬ জুন ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের ময়ৃ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) পরিদর্শনে আসা কমনওয়েলথের প্রতিনিধি দল এবং তর্তি হতে আসা শিক্ষার্থী ও সাংবাদিকদের ভবনে আটকে রেখে অটোরিকশা চালুর দাবিতে আন্দোলন করেছে অর্ধশতাধিক শিক্ষার্থী। গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের ফটকে তালা দিয়ে তারা আন্দোলন শুরু করেন। এ সময় স্নাতক ১ম বর্ষে তর্তি হতে আসা শতাধিক শিক্ষার্থী, কমনওয়েলথের এশিয়া সুশাসন ও শান্তিবিষয়ক প্রধান মিশেল ক্ষোবির নেতৃত্বাধীন প্রতিনিধি দল এবং কয়েকজন সাংবাদিক আটকা পড়েন।

দুপুরে পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেন একদল শিক্ষার্থী। একপর্যায়ে ভবনে তালা বুলিয়ে তারা আন্দোলন শুরু করেন। এ সময় ভবনের ভেতরে আটকেপড়া শিক্ষার্থীদের কেউ কেউ কান্নাকাটি শুরু করেন। বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক একেএম রাশিদুল আলম ভেতরে আটকে পড়াদের বাইরে যেতে দেওয়ার জন্য অনুরোধ করলে শিক্ষার্থীরা ‘ভুয়া ভুয়া’ ঝোগান দেন। একপর্যায়ে কমনওয়েলথের অতিথি ও সাংবাদিকদের বের করে দেওয়ার দাবি জানালে উপস্থিত সাংবাদিকদের ওপর চড়াও হন এবং মারতে আসেন আন্দোলনকারীরা।

সার্বিক বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর অধ্যাপক একেএম রাশিদুল আলম বলেন, ‘তাদেরকে বলা হয়েছে লিখিত আবেদন দিতে। সেই আবেদনের পরিপ্রেক্ষিতে অংশীজনদের মতামত নিয়ে সাত দিনের মধ্যে সিদ্ধান্ত নেওয়া হবে। দুঃখজনকভাবে, কিছু শিক্ষার্থী অতিউৎসাহী হয়ে সাংবাদিকদের সঙ্গে অসদাচরণ করেছে। সেগুলোর ফুটেজ সংগ্রহ করে উপাচার্যের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।